**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**27 OCTOBER 2024** **7:45—7:55 PM IST**

==========================================================

১) রাজ্য সরকারের কর্মচারীদের মহার্ঘভাতা বৃদ্ধি ।

২) উত্তর-পূর্বাঞ্চালের রাজ্যগুলির নতুন প্রজন্মকে নব জাগরণ সৃষ্টির জন্য এগিয়ে আসতে হবে বলে উপরাষ্ট্রপতি জগদীপ ধনখড়ের মত প্রকাশ ।

৩) আকাশবাণীযোগে প্রচারিত মন-কি-বাতে প্রতারণামূলক ফোন আসলে আতঙ্কগ্রস্থ না হতে জনসাধারণের প্রতি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আহ্বান ।

৪) রাজ্যের চতুর্থ শ্রেনীর মোট ৫ হাজার ২৩টি শূন্য পদের জন্য লিখিত পরীক্ষা সম্পন্ন ।

==========================================

গৌহাটীর লোকসেবা ভবনে অনুষ্ঠিত রাজ্য কেবিনেটের বৈঠকে বৈশ কয়েকটি সিদ্ধান্ত গ্রহণ করা হয় ।কেবিনেট রাজ্য সরকারের অধীন কর্মচারীদের মহার্ঘ ভাতা ৩ শতাংশ বৃদ্ধির প্রস্তাবে অনুমোদন দিয়েছে । এই সিদ্ধান্ত চলতি বছরের পয়লা জুলাই থেকে প্রযোজ্য হবে ।তবে কর্মচারীরা পয়লা ডিসেম্বর থেকে বর্ধিত হারে মহার্ঘ ভাতা লাভ করবেন । বাকী ৪ মাসের বকেয়া কর্মচারীদের ৪ টি কিস্তিতে প্রদান করা হবে ।রাজ্য সরকারের এই বৃদ্ধির জন্য বছরে অতিরিক্ত ৮ কোটি ৫০ লক্ষ টাকা ব্যয় হবে ।কেবিনেট কমনোয়েলথ গেমস ও অলিম্পিকে দেশকে প্রতিনিধিত্ব করা রাজ্যের ধনুর্বিদ জয়ন্ত তালুকদারকে উপ পুলিশ সুপার পদে নিযুক্তি দেওয়ার প্রস্তাবে অনুমোদন জানিয়েছে । রাস উদযাপন করা ধর্মীয় প্রতিষ্ঠানকে ২৫ হাজার টাকা করে আর্থিক অনুদান প্রদান করার জন্য

মন্ত্রীসভা সিদ্ধান্ত গ্রহণ করেছে ।কেবিনেট সরকারী চিকিৎসালয়ের জন্য ঔষধ ক্রয়ের উদ্দেশ্যে ১৭৫ কোটি টাকা ও পুলিশ বিভাগের সামগ্রীক উন্নয়নের জন্য রুপায়ন করে থাকা মৈত্রী প্রকল্প বাবদ ১৫০ কোটি টাকায় অনুমোদন দিয়েছে ।এই প্রকল্পটি রাজ্যের সব চিকিৎসা মহাবিদ্যালয় হাসপাতাল , রাজ্য কর্কট প্রতিষ্ঠান , আঞ্চলিক দন্ত মহাবিদ্যালয় ও চা বাগানের চিকিৎসালয়ে বিশেষ চিকিৎসা সহ রাজ্যের সব চিকিৎসা মহাবিদ্যালয় হাসপাতালে বিনামূল্যে অত্যাবশ্যকীয় ঔষধ , অস্ত্রপচারের সামগ্রী ইত্যাদি সরবরাহ করবে ।রাজ্যে চলা বৃহৎ সংখ্যক পরিকাঠামো প্রকল্প সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য আজ কবিনেট ৩৬ জন সহকারী বাস্তুকারকে পুনরায় নিযুক্তির জন্য অনুমোদন দিয়েছে ।যাতায়াত ও জলসেচের মাধ্যমে গ্রামোন্নয়নকে এগিয়ে নিয়ে যেতে কেবিনেট রাজ্যে ৯৭ টি গ্রামীন সড়ক ও ৭০ টি ক্ষুদ্র জলসেচ প্রকল্প নির্মানে অনুমোদন দিয়েছে ।

---

ভারতবর্ষ বর্তমানে বিশ্বের সম্মুখে সম্পূর্ন সম্ভাবনাময় উদীয়মান তারকা সদৃশ ও এই সম্ভাবনা বহন করে উত্তরপূর্বাঞ্চলের রাজ্যগুলির নতুন প্রজন্ম নব জাগরণ সৃষ্টি করে এগিয়ে চলেছে বলে উপরাষ্ট্রপতি জগদীপ ধনখড় প্রকাশ করেছেন । আজ গৌহাটীতে কৃষ্ণগুরু আর্ন্তজাতিক আধ্যাত্মিক যুব সমাজের একবিংশ দ্বিবার্ষিক সমাবর্তনে প্রদত্ত ভাষনে উপরাষ্ট্রপতি একথা বলেন । তিনি বলেন যে ভারতবর্ষ বর্তমানে বিভিন্ন সুযোগ সন্ধানের ক্ষেত্রে অন্যতম কেন্দ্র হিসেবে পরিগনিত হয়েছে ।ও যুবক যুবতীদের জন্য সরকার বিভিন্ন নীতির অধীনে বিকাশের জন্য সুযোগ প্রদান করছে । শ্রী ধনখড় বলেন যে ভারতবর্ষ শীঘ্র জাপান , জার্মানী ও অন্য বহু উন্নত রাষ্ট্রকে অতিক্রম করে তৃতীয় বৃহৎ অর্থনীতি হিসেবে পরিগনিত হবে ।এই ক্ষেত্রে যুব প্রজন্ম গুরুত্বপূর্ন ভূমিকা পালন করতে পারে বলে তিনি উল্লেখ করেন ।

শ্রীধনখড় ভারতের আধ্যাত্মিক ঐতিহ্যের বিষয়ে মন্তব্য করে বলেন যে ৫ হাজার বছর পুরোনো এই পরম্পরাকে ভিত করে দেশের আধ্যাত্মিক গুরুরা ঐতিয্যকে বহন করে আসছেন ।

আজকের অনুষ্ঠানে রাজ্যপাল লক্ষ্মন প্রসাদ আচার্য ও মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকা সহ কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল ও বিটিসির মুখ্য কার্যবাহী সদস্য প্রমোদ বড়ো বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ।

উপরাষ্ট্রপতি শ্রী ধনখড় আজ কইনাধারার রাজ্য অতিথিশালাতে তার সম্মানার্থে আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠান ও নৈশ ভোজে অংশ গ্রহণ করবেন ।

---

উত্তর-পূর্ব সীমান্ত **রেল** সূত্রে জানানো হয়েছে যে ভারতকে দূর্নীতি মুক্ত ও একটি উন্নত দেশ হিসেবে গড়ে তোলার লক্ষ্যে সর্তকতা সচেতনতা সপ্তাহ আগামীকাল থেকে পালন করা হবে ।

এবছরের সর্তকতা সচেতনতা সপ্তাহ পালনের বিষয় হচ্ছে দেশের সমৃদ্ধির জন্য সত্য নিষ্ঠার সংস্কৃতি । এ উপলক্ষ্যে আগামীকাল সীমান্ত রেলের জেনারেল ম্যানেজার চেতন কুমার শ্রীবাস্তব শপথ বাক্য পাঠ করাবেন । এছাড়া আগামী ৩০শে অক্টোবর বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের নিয়ে গুয়াহাটীর প্রাগজ্যোতিষ কলেজে রচনা , চিত্রাঙ্কন এবং বির্তক প্রতিযোগীতা অনুষ্ঠিত হবে ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ডিজিট্যাল এরেষ্টের নামে চলা প্রতারণা নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন । আজ আকাশবাণীর মন-কি-বাত অনুষ্ঠানের ১শো ১৫তম পর্বে অংশ নিয়ে প্রধানমন্ত্রী বলেন যে ডিজিট্যাল এরেষ্টের নামে চলা বিভিন্ন প্রতারণা রোধে তদন্তকারী সংস্থাগুলো একত্রিত হয়ে কাজ করছে । আইনের অধীনে কোন মানুষকে ডিজিট্যালি প্রতারণার ফাঁদে ফেললে ওই প্রতারকের কঠোর শাস্তির ব্যবস্থা রয়েছে। প্রধানমন্ত্রী আজকের মন-কি-বাত অনুষ্ঠানে এধরণের ঘটনায় ক্ষতিগ্রস্থ জনৈক ব্যাক্তি এবং এক প্রতারকের মধ্য কথোপোকথন বাজিয়ে শুনান । এতে প্রতারক নিজেকে একজন সি বি আই কর্মকর্তা বলে পরিচয় দিয়ে বার্তালাপ করেছিল । প্রতারক ক্ষতিগ্রস্থ ব্যাক্তির ব্যাক্তিগত তথ্য আহরণ করে ভয়ের পরিবেশ সৃষ্টি করেছিল । প্রধানমন্ত্রী বলেন যে সব শ্রেনীর লোক ডিজিট্যাল এরেষ্টের শিকার হচ্ছেন এবং ভয়ের জন্যই তারা লক্ষ লক্ষ টাকা হারিয়েছেন । শ্রী মোদী এ ধরণের প্রতারকের ফোন পেলে আতঙ্কগ্রস্থ না হতে জনসাধারণের প্রতি আহ্বান জানিয়েছেন । তদন্তকারী সংস্থাগুলি ফোন অথবা ভিডিও কলের মাধ্যমে কখনও জিজ্ঞাসাবাদ করে না বলেও তিনি স্পষ্ট করে দেন । প্রধানমন্ত্রী ডিজিট্যাল সুরক্ষার জন্য তিনিটি উপায়ের কথা উল্লেখ করেন । এই তিনটি সতর্কতামূলক পদক্ষেপ হচ্ছে ফোনকল বন্ধ করুণ, চিন্তা করুণ এবং ব্যবস্থা গ্রহণ করুণ । তিনি এ ধরণের পরিস্থিতির সম্মুখিন হলে শান্ত থাকতে এবং কোন অপরিচিত ব্যাক্তির সঙ্গে ব্যাক্তিগত তথ্য বিনিময় না করার পরামর্শ প্রদান করেন । প্রয়োজন হলে ওই সময় স্ক্রীন শট নিতে এবং প্রতারকের সঙ্গে হওয়া কথোপোকথন রেকর্ডিং করা উচিৎ বলে প্রধানমন্ত্রী উল্লেখ করেন । একই সঙ্গে এ ধরণের ঘটনার পরামর্শের জন্য জাতীয় সাইবার হেল্পলাইন নম্বর ১৯৩০তে ফোন করতে এবং cybercrime.gov.in এ বিস্তারিত জানাতে জনসাধারণের প্রতি আহ্বান জানান । শ্রী মোদী বলেন যে এই ঘটনা সমূহ পরিবারের অন্যান্য সদস্য এবং পুলিশকে জানিয়ে বিস্তারিত তথ্য প্রমান সংগ্রহ করা উচিত । তিনি বলেন যে সরকারী সংস্থাগুলির মধ্যে সমন্বয়ের জন্য জাতীয় সাইবার সমন্বয় কেন্দ্র স্থাপন করা উচিৎ । এ ধরণের প্রতারণা মূলক ভি-ডি-ও কলের সঙ্গে যুক্ত কয়েক হাজার আই ডি সংস্থা ইতিমধ্যেই বন্ধ করে দেওয়া হয়েছে । লক্ষ লক্ষ সিমকার্ড, মোবাইল ফোন এবং ব্যাঙ্ক একাউন্ট বন্ধ করা হয়েছে বলেও প্রধানমন্ত্রী জানান । শ্রী মোদী সাইবার প্রতারণায় ক্ষতিগ্রস্থ লোকেদের এসব ঘটনা সম্পর্কে জনসাধারণের মধ্যে সচেতনতা সৃষ্টি করার আহ্বান জানান । সাইবার প্রতারণা বিরোধী অভিযানের সঙ্গে বিদ্যালয় - মহাবিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের যুক্ত করা উচিৎ বলে তিনি মত প্রকাশ করেন ।

আগামীকাল বিশ্ব এনিমেশন দিবসের কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন যে ভারত এনিমেশন ক্ষেত্রে নতুন বিপ্লব সূচনা করার পথে অগ্রসর হচ্ছে । ভারতে গেমিং ক্ষেত্রের ক্রমাগত বিকাশ ঘটছে এবং ভারতীয় গেম সমগ্র বিশ্বে জনপ্রীয় হয়ে ওঠছে বলেও তিনি মন্তব্য করেন । আত্ম নির্ভর ভারত অভিযানের সফল্যে সন্তোষ প্রকাশ করে প্রধানমন্ত্রী বলেন যে এই অভিযান দেশের সামগ্রিক চেতনা বিকশিত করেছে । তিনি বলেন যে আত্মনির্ভর হয়ে ওঠার পর ভারত প্রত্যেকটি ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি লাভ করেছে । ভারত চন্দ্রপৃষ্টের দক্ষিণ মেরুতে অবতরণ করা বিশ্বের প্রথম দেশ হিসেবে সম্মান লাভ করেছে বলেও প্রধানমন্ত্রী উল্লেখ করেন ।

একই সঙ্গে তিনি জনসাধারণকে উৎসবের এই মরশুমে ভোকাল-ফর-লোকালের মন্ত্রে সামগ্রী ক্রয় করার আহ্বান জানান । প্রধানমন্ত্রী আজকের মন-কি-বাত অনুষ্ঠানে সাহস এবং দূরদৃষ্টির প্রতিমূর্তীস্বরূপ সর্দার বল্লভভাই প্যাটেল এবং বীরসা মুন্ডার জীবনের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন । দেশ এবার এই দুই মহান নাগরিকের দেড়শ বছর পূর্তী উদযাপন করবে । সর্দার বল্লবভাই প্যাটেলের জন্মজয়ন্তী আগামী ৩১ অক্টোবর এবং ১৫ নভেম্বর বীরসা মুন্ডার জন্ম জয়ন্তী পালন করবে ।

ফিট-ইন্ডিয়া অভিযানের কথা উল্লেখ করে শ্রী মোদী দেশের জনসাধারণ শারিরীক সুস্থতার প্রতি আরো বেশী সচেতনআগামীকাল হয়ে ওঠেছেন বলে সন্তোষ প্রকাশ করেন । তিনি বলেন যে ফিট ইন্ডিয়ার চিন্তা-ভাবনা এখন একটি গণ আন্দোলনে পরিণত হয়েছে । প্রধানমন্ত্রী আজকের মন-কি-বাত অনুষ্ঠানের মাধ্যমে দেশবাসীকে ধনতেরাস, আলোর উৎসব দিপাবলী, সট পূজা এবং গুরুনানক জয়ন্তীর শুভেচ্ছা জ্ঞাপন করেন ।

---

আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদের তত্বাবধানে আজ রাজ্যের চতুর্থ শ্রেণীর মোট ৫ হাজার ২৩ টি শূন্য পদের জন্য লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয় । সকাল ৯ টা থেকে দশম শ্রেণী উত্তীর্ন প্রার্থীর জন্য পরীক্ষা অনুষ্ঠিত হোয়া সহ বেলা দেড়টা থেকে অষ্টম শ্রেণী উত্তীর্ন প্রার্থীর জন্য পরীক্ষা অনুষ্ঠিত হয় ।

এদিকে এই পরীক্ষা স্বচ্ছ ও সুষ্ঠুভাবে অনুষ্ঠিত করার লক্ষে সমগ্র রাজ্যে সকাল থেকে বিকেল ৪ টা পর্যন্ত ইন্টারনেট বন্ধ রাখা হয় ।

---

করিমগঞ্জ জেলার ২৯টি কেন্দ্রে আজ শান্তিপূর্নভাবে অসম প্রত্যক্ষ নিযুক্তি পরীক্ষার চর্তুথ শ্রেণীর লিখিত পরীক্ষা শান্তিপূর্নভাবে সম্পন্ন হয়েছে । জেলায় আজ পরীক্ষা শান্তিপূর্নভাবে সম্পন্ন করার জন্য

নিরাপত্তা ব্যবস্থা কঠোর করা হয়েছিল ।কাছাড় জেলাতেও প্রত্যক্ষ নিযুক্তি পরীক্ষা কঠোর নিরাপত্তা ব্যবস্থার মাধ্যমে সম্পন্ন হয়েছে।

---

কেন্দ্রীয় যুব কল্যান মন্ত্রকের উদ্যোগে এবং শিলচর ফুডগ্রেনস মার্চেন্ট এসোসিয়েশনের সহযোগীতায় আজ আমার যুব ভারত-এর প্রথম বার্ষিকী উদযাপনের লক্ষ্যে সমগ্র দেশের পাঁচশটি জেলার সাথে কাছাড় জেলায়ও এই দীপাবলী আমার ভারতের সাথে বিষয়ের উপর শিলচর ফাটক বাজারে স্বচ্ছতা অভিযান চালানো হয়েছে । প্রথমে কাছাড়ের নেহরু যুব কেন্দ্র উপ-সঞ্চালক মেহবুব আলম লস্কর এই দীপাবলী আমার ভারতের সাথে কর্মসূচীর উদ্দেশ্যে ব্যাখ্যা করেন । এছাড়াও এই অভিযান সম্পর্কে শিলচর ফুড গ্রেইনস মার্চেন্ট এসোসিয়েশনের সভাপতি অসিত দত্ত , সাধারন সম্পাদক দীপক পাল প্রমূখ বক্তব্য রাখেন ।